27

দৈনিক সংবাদ

তারিখ 02 OCT 1995
পৃষ্ঠা ৯ কলাম ৪

### ফলাফল ঘোষণা করা হয়নি

## ২৭০ জন ছাত্রের কলেজে ভর্তির সম্ভাবনা অনিশ্চিত হয়ে পড়েছে

চাঁপাইনবাবগঞ্জ, ১লা অক্টোবর (নিজস্ব সংবাদদাতার ফোন)।– বাংলাদেশ মাদ্রাসা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯৫ সালের দাখিল পরীক্ষার ফলাফল গত ৩০শে আগস্ট ঘোষিত হলেও ১৮টি কেন্দ্রের বিজ্ঞান বিভাগের ফলাফল আজো ঘোষণা করা হয়নি। ফলে কেন্দ্রগুলোর ২৭০ জন ছাত্রের উচ্চশিক্ষা গ্রহণ অর্থাৎ কলেজে ভর্তির সম্ভাবনা অনিশ্চিত হয়ে পড়েছে।

মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষ বোর্ডের অধীন কেন্দ্রগুলোর কোনটিতেই টেবুলেশন শিট পাঠাননি। এতে করে ছাত্ররা তাদের উত্তরপত্র পরীক্ষা করাবার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

ছাত্রছাত্রীরা টেবুলেশন শিট ও বিজ্ঞান বিভাগের ফলাফল না পাওয়ার জন্য বিভিন্ন মাদ্রাসার অধ্যক্ষদের দায়ী করছে।

চাঁপাইনবাবগঞ্জ আলিয়া ও হেফজুল মাদ্রাসার ২ জন অধ্যক্ষ এই সংবাদদাতাকে জানান, তারা গত ১০ই সেপ্টেম্বর মাদ্রাসা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে দেখা করলে তাদের জানানো হয় ১৮টি কেন্দ্রের বিজ্ঞান বিভাগের নম্বরপত্র বোর্ডে এসে পৌঁছেনি। তিনি প্রধান পরীক্ষককে এ ব্যাপারে নির্দেশ দিয়েছেন। এরপর আরো ১৩ দিন অতিবাহিত হলেও বিজ্ঞান বিভাগের নম্বরপত্র ও টেবুলেশনের শিট কোনটাই মাদ্রাসাগুলোতে পৌঁছেনি।

যেসব কেন্দ্রে বিজ্ঞান বিভাগের ফলাফল ঘোষিত হয়নি সেগুলো হচ্ছেঃ চাঁপাইনবাবগঞ্জ (২৩), জয়পুরহাট (৩৫), মহিমাগঞ্জ (৬৬), নাগেশ্বরী (২০), উলিপুর (১৩), চিলমারী (১৭), ঠাকুরগাঁ (১৩), খানসামা (২৭), ঘোড়াঘাট (১৪), বাঘারপাড়া (১৩), ফেনী (১৩), কিশোরগঞ্জ (৪), বরগুনা (৪) হাতিয়া (৩), শাহারাস্তি ([illegible])।